



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর ভবন-৪১০০

www.cpa.gov.bd

পরিচালক(প্রশাসন), চবক এর বিজ্ঞপ্তি নং-০৪/২০২১

তারিখঃ ২৮/০২/২০২১ ইং

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ২১ ফেব্রুয়ারী ২০২১ “মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস” উদযাপন উপলক্ষ্যে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষে নিম্নলিখিত কর্মসূচী পালন করা হবে ;

ক্রঃ নং	সময়	গৃহীত কর্মসূচী	কার্যক্রম
১।		২১/০২/২০২১ইং তারিখ রবিবার সরকারী ছুটির দিন হিসেবে পালিত হবে।	পরিচালক(প্রশাসন), চবক।
২।	২১/০২/২০২১ সকাল ৬.০০	সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত বন্দর কর্তৃপক্ষের প্রধান দপ্তর/ভবন, ওয়ার্কশপ, আবাসিক ভবন, বিদ্যালয় ও বন্দরে অবস্থানরত সকল জাহাজ ও জলযান সমূহে জাতীয় পতাকা অর্ধনমিত ভাবে উত্তোলিত থাকবে।	পরিচালক(নিরাপত্তা), চবক। উপ-সংরক্ষক, চবক। অধ্যক্ষ, চট্টগ্রাম বন্দর কলেজ/ বন্দর মহিলা কলেজ। প্রধান শিক্ষক, বন্দর কর্তৃপক্ষ উচ্চ বিদ্যালয়/ বন্দর বালিকা উচ্চ বিদ্যালয়।
৩।	২১/০২/২০২১ সকাল ৮.০০	“মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস” উদযাপন উপলক্ষ্যে চট্টগ্রাম বন্দর উচ্চ বিদ্যালয় ও বন্দর কলেজ মাঠ প্রাঙ্গনে অবস্থিত শহিদ মিনারে চেয়ারম্যান, চবক কর্তৃক পতাকা উত্তোলণ ও পুষ্পস্তবক অর্পণ। এছাড়া চবক এর সকল স্কুল, কলেজ, ক্লাব, ইনস্টিটিউট, মুক্তিযোদ্ধা সংসদ, বন্দর এলাকাস্থ সকল সংঘ/ সমিতি এবং অত্র কর্তৃপক্ষের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ।	পরিচালক(প্রশাসন), চবক। পরিচালক(নিরাপত্তা), চবক। সচিব, চবক। প্রধান প্রকৌশলী, চবক। অধ্যক্ষ, চট্টগ্রাম বন্দর কলেজ/ বন্দর মহিলা কলেজ। প্রধান শিক্ষক, বন্দর কর্তৃপক্ষ উচ্চ বিদ্যালয়/ বন্দর বালিকা উচ্চ বিদ্যালয়।
৪।	২১/০২/২০২১ তারিখ সুবিধাজনক সময়	বন্দর কর্তৃপক্ষের মসজিদ সমূহে মহান ভাষা আন্দোলনের শহীদদের রুহের মাগফেরাত এর জন্য বিশেষ দোয়া মাহফিল ও মুনাজাত এবং বন্দর মন্দির ও বৌদ্ধ বিহারে বিশেষ প্রার্থনা।	সভাপতি/সাধারণ সম্পাদক চবক এর আওতাধীন সকল মসজিদ, মন্দির, বৌদ্ধ বিহার।
৫।	২১/০২/২০২১ তারিখ সুবিধাজনক সময়	চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ২টি কলেজ, ২টি উচ্চ বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় অন-লাইনে রচনা প্রতিযোগিতা ও জুম অ্যাপের মাধ্যমে দিবসটির তাৎপর্য বিষয়ে আলোচনা।	অধ্যক্ষ, চট্টগ্রাম বন্দর কলেজ/ বন্দর মহিলা কলেজ। প্রধান শিক্ষক, বন্দর কর্তৃপক্ষ উচ্চ বিদ্যালয়/ বন্দর বালিকা উচ্চ বিদ্যালয়। সুপার, বন্দর মোহাম্মদীয় দাখিল মাদ্রাসা
৬।	২১/০২/২০২১ তারিখ সুবিধাজনক সময়	বন্দর হাসপাতালে অভ্যন্তরীণ রোগীদের উন্নত মানের খাবার পরিবেশন।	প্রধান চিকিৎসা কর্মকর্তা, চবক।

২। অনুষ্ঠানস্থলকে ধূলামুক্ত ও ব্যবহার উপযোগী রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক(নিরাপত্তা), প্রধান প্রকৌশলী(সিভিল), মেডিক্যাল সুপার(পি), চবক হাসপাতাল, অধ্যক্ষ, চট্টগ্রাম বন্দর কলেজ, প্রধান শিক্ষক, বন্দর কর্তৃপক্ষ উচ্চ বিদ্যালয় এবং পরিচালক(স্পোর্টস কমপ্লেক্স) কে অনুরোধ করা হলো।

৩। অনুষ্ঠানে আগত সকলকে সামাজিক দূরত্ব বজায় রেখে, মাস্ক পরিহিত অবস্থায় অংশগ্রহণের অনুরোধ করা হল।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইহা জারী করা হলো।

স্বাক্ষরিত/-

পরিচালক(প্রশাসন)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ